

উপজেলা পরিষদ
বাগাতিপাড়া, নাটোর।

স্মারক নং- ৪৬.৪৩.৬৯০৯.০০০.০১.০০৩.২২-৬৭

তারিখঃ ০২/০৭/২০২১খ্রিঃ

বিষয় : উপজেলা পরিষদ স্থায়ী কমিটির সভা আহ্বান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাগাতিপাড়া উপজেলা পরিষদের নিম্ন বর্ণিত স্থায়ী কমিটির সভা সমূহ আগামী ০৫/০৭/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় 'বড়াল' সভা কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচিঃ

- ১। বিভাগীয় কার্যক্রম সংক্রান্ত আলোচনা।
- ২। বিবিধ।

সভার নামঃ-

- ১। কৃষি ও সেচ কমিটি।
- ২। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি।
- ৩। মুক্তি যোদ্ধা কমিটি।
- ৪। পল্লী উন্নয়ন ও সমবায় কমিটি।
- ৫। মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি।
- ৬। যুব ক্রীড়া উন্নয়ন কমিটি।
- ৭। মহিলা ও শিশু উন্নয়ন কমিটি।
- ৮। সাংস্কৃতি কমিটি।

প্রাপক : -----

বাগাতিপাড়া, নাটোর।

০২/০৭/২০২১

(মোসাঃ খোদিজা বেগম শাপলা)

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

বাগাতিপাড়া, নাটোর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ

- ১। মাননীয় সংসদ সদস্য, ৫৮ নাটোর-১(লালপুর-বাগাতিপাড়া)।
- ২। জেলা প্রশাসন, নাটোর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ বাগাতিপাড়া, নাটোর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর।

উপজেলা মুক্তিযোদ্ধা স্থায়ী কমিটির ০৫/০৭/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোসাঃ খোদেজা বেগম শাপলা।

সভার স্থানঃ উপজেলা বড়াল সভাকক্ষ, বাগতিপাড়া, নাটোর।

সময়ঃ ১১:১০ ঘটিকা।

তারিখঃ ০৫/০৭/২০২১ খ্রিঃ।

সভার সম্মানিত সদস্যগণের উপস্থিতিঃ

উপস্থিতির স্বাক্ষরঃ পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

০১। আলোচনাঃ- সভাপতি মহোদয় সকলকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব উপজেলা সমাজসেবা অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন প্রকার সংযোজন ও বিয়োজন ছাড়াই কার্যবিবরণীটি দৃষ্টিকরণ করা হয়।

০২। আলোচনাঃ আলোচ্যসূচী নং- ০২ এর আলোচনাস্তে সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, মুক্তিযোদ্ধা সম্মানী জিটুপি পদ্ধতিতে ভাতাভোগীদের নামে ভাতার বরাদ্দকৃত অর্থ মুক্তিযোদ্ধা সম্মানী ভাতাভোগীদের ব্যাংক হিসাবে পোষ্টিং দেওয়া প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা হয়।

সিদ্ধান্তঃ সভার সর্বসম্মতিক্রমে অত্র উপজেলায় মুক্তিযোদ্ধা সম্মানী ভাতাভোগীদের নামে বরাদ্দকৃত ভাতার অর্থ প্রত্যেক ভাতাভোগীর ব্যাংক হিসাবে পোষ্টিং দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোসাঃ খোদেজা বেগম শাপলা)

উপজেলা মহিরা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা মুক্তিযোদ্ধা স্থায়ী কমিটি

বাগতিপাড়া, নাটোর।

উপজেলা মুক্তিযোদ্ধা স্থায়ী কমিটির ০৬/০৭/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোসাঃ খোদেজা বেগম শাপলা।

সভার স্থানঃ উপজেলা বড়াল সভাকক্ষ, বাগাতিপাড়া, নাটোর।

সময়ঃ ১১:০০ ঘটিকা।

তারিখঃ ০৬/০৭/২০২১ খ্রিঃ।

সভায় সম্মানিত সদস্যগণের উপস্থিতি স্বাক্ষরঃ

- ০১। চেয়ারম্যান, ০১ নং পাঁকা ইউনিয়ন পরিষদ, বাগাতিপাড়া, নাটোর..... (সদস্য)
০২। চেয়ারম্যান, ০২ নং বাগাতিপাড়া ইউনিয়ন পরিষদ, বাগাতিপাড়া, নাটোর..... (সদস্য)
০৩। চেয়ারম্যান, ০১ নং দয়ারামপুর ইউনিয়ন পরিষদ, বাগাতিপাড়া, নাটোর..... (সদস্য)
০৪। চেয়ারম্যান, ০১ নং ফাণ্ডাদিয়ার ইউনিয়ন পরিষদ, বাগাতিপাড়া, নাটোর..... (সদস্য)
০৫। উপজেলা শিক্ষা অফিসার, বাগাতিপাড়া, নাটোর..... (সদস্য)
০৬। উপজেলা সমাজসেবা অফিসার, বাগাতিপাড়া, নাটোর..... (সদস্য)